জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ／০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

Registered
No. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত

শিরোরোগান্তক তৈল

ও

শিরোরোগান্তক ঔষধ

উর্দ্ধশ্লেষ্মাজনিত মাথা ভার, মাথা কামড়ান এই তৈল ও ঔষধব্যবহারে প্রশমিত হয়। মূল্য তৈল এক শিশি ২॥০ টাকা ঔষধ ২ সপ্তাহ ১৲ টাকা।

চ্যবনপ্রাশ ／১ সের (৮০ তোলা) ১০৲ টাকা

মকরধ্বজ ১ তোলা ৮৲ টাকা।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন

(গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)

মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৮ই আষাঢ় বুধবার ১৩৫৬ ইংরাজী 22nd June 1949 { ৬ষ্ঠ সংখ্যা

সাবানের সেরা

রায়সন সাবান

ব্যবসাদারদের জন্য বিশেষ ব্যবস্থা আছে।

পরীক্ষা প্রার্থনীয়।

বিনীত—

রায়সন কেমিক্যাল কোং

খাগড়া

(পুরাতন পোষ্ট অফিসের গলি)

বরফ

বাজারে বাহির হচ্ছে

স্থানীয় এজেন্সীর

ও

অন্যান্য সর্ত্তাবলীর জন্য

খোঁজ লউন।

বিনীত—

বহরমপুর আইস্ কোং

খাগড়া

(পুরাতন পোষ্ট অফিসের গলি)

১৯০৭—১৯৪৭

'স্বদেশী যুগে'র প্রারম্ভে রবীন্দ্রনাথের পৈতৃক ভবন, জোড়াসাঁকোর সুপ্রসিদ্ধ ঠাকুরবাড়ীতে রবীন্দ্রনাথ প্রমুখ কয়েকজন দেশপ্রাণ মনীষী 'হিন্দুস্থান'-এর গোড়াপত্তন করিয়াছিলেন। তাঁহাদের উদ্দেশ্য ছিল,—জীবন-বীমার দ্বারা ব্যক্তি ও জাতির আর্থিক-উন্নতি সাধন করা। এ বিষয়ে 'হিন্দুস্থান' পূর্ব্বাপর দেশবাসীর নিকট হইতে সর্ব্বান্তরিক সহযোগিতা লাভ করিয়া আসিতেছে এবং গত ৪১ বৎসরের জন-সেবায় ইহা আজ ভারতের অন্যতম সর্ব্ববৃহৎ বীমা-প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। ১৯৪৭ সালের সোসাইটির অসামান্য সাফল্যেই তাহার পরিচয় পাওয়া যায়।

নূতন বীমা	...	১২ কোটি ৩১ লক্ষ টাকার উপর
মোট চল্‌তি বীমা	...	৫৫ ,, ৬৩ ,, ,, ,,
প্রিমিয়ামের আয়	...	২ ,, ৬১ ,, ,, ,,
বীমা তহবিল	...	১০ ,, ৬৩ ,, ,, ,,
মোট সংস্থান	...	১১ ,, ৬৪ ,, ,, ,,
দাবী শোধ [১৯৪৭]	...	প্রায় ৫৪ লক্ষ টাকা

কিন্তু হিন্দুস্থানের গর্ব্ব তাহার এই সকল কোটি কোটি টাকার অঙ্কে নহে, সে যে তাহার অকুণ্ঠ সেবা দ্বারা অসংখ্য পরিবারের অর্থসংস্থান করিয়া দিতে পারিতেছে, ইহাই তাহার প্রকৃত গর্ব্বের বিষয়।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৮ই আষাঢ় বুধবার সন ১৩৫৬ সাল

সমতা—মমতা—ক্ষমতা

—:*:—

সমতা মানে সাদৃশ্য। পণ্ডিতেরা বলিয়াছেন—

দ্বয়োরেব সমং বিত্তং দ্বয়োরেব সমং বলং।
তয়োর্বিবাদ মৈত্রীঞ্চ নোত্তমাধময়ঃ ক্বচিৎ।

দুজনের যদি সমান ধন ও সমান বল থাকে, তাদের মধ্যেই বিবাদ বা মিত্রতা শোভা পায়। উত্তমে অধমে কখন বিবাদ বা বন্ধুত্ব সাজে না।

মানুষে কথায় কথায় বলিয়া থাকে—

"যে যাতনা বিষে, বুঝিবে সে কিসে
কভু আশীবিষে দংশেনি যারে।"

যাকে কখনও সাপে দংশন করেনি, সে বিষের যাতনা যে কি তা কেমন করিয়া অনুভব করিবে?

প্রায় দেখা যায়—একজন মুটে যদি কোনও বাবু লোককে তার মোট নামিয়ে দিতে, বা মোট তুলে দিতে বলে, বাবু রাগান্বিত ভাবে তাকে ভর্ৎসনা করেন—বেটা মানুষ চিনিস না, আমি তোর মোট তুলে দিবার লোক? যদি সে কোন মুটেকে তার মোট তুলে দিতে বা নামিয়ে দিতে বলে, সে বিনা আপত্তিতে তার কাজ ক'রে দেয়। কারণ সে জানে যে মোট বহা কি কষ্ট। উভয়েই সমান অবস্থার লোক।

এই সমতার জন্যই মমতা আসিয়া তার হৃদয়ে দয়ার উদ্রেক করে তাই, সে তার মত দুঃখীর দুঃখ দূর করতে চেষ্টা করে। ইহাই স্বাভাবিক নিয়ম।

একদিন সমতা ছিল, মমতাও ছিল, হঠাৎ তা দূর হ'য়ে যায়, যদি তারই মধ্যে একের হঠাৎ ক্ষমতা এসে জোটে। ক্ষমতা পাইবামাত্র সমতা ও মমতা নষ্ট হইয়া যায়। ক্ষমতা অহংকারের জননী। ক্ষমতা বা সামান্য ঐশ্বর্য্য মানুষের অতীত স্মৃতি লোপ না করিলেও সে ভাণ করে যে চিরদিনই এই অবস্থার লোক, কোনও দিন হীন দশা তার ছিল না। একটি গল্প শুনুন—

এক দুঃখিনী পেঁয়াজ, রসুন, লঙ্কা, আদা ইত্যাদি মাথায় নিয়ে গাঁয়ে গাঁয়ে, পাড়ায় পাড়ায় হাঁক ছেড়ে বেচে বেড়াতো। তার ভগবৎ-দত্ত একটী ঐশ্বর্য্য ছিল—সেটী তার রূপ ও যৌবন।

এক রাজবাড়ীর মালিক হয়েছেন এক তরুণ কুমার। সেই রাজবাড়ীর পেছনের খিড়কীর দিকে এক তাঁতি বাস করে। তাঁতির স্ত্রী আছে, ২টী ছোট ছোট ছেলে আছে। এই তরুণী পেঁয়াজ-বেচুনী রাজবাড়ীর খিড়কীতে এসে ডাক দিল—পেঁয়াজ, রসুন, লঙ্কা, আদা নেবে গো। কুমারের খাস-খানসামা তাকে পেঁয়াজ নেবে বলে অন্দরে ডেকে নিয়ে গেল। সে অন্দরে ঢুকলো কিন্তু আর বেরুলো না। তাঁতি দেখেও দেখলো না। বড় ঘরের কথা কইতে নেই—এ নীতি তাঁতির জানা ছিল।

কাল যে পেঁয়াজ বেচুনী ছিল, আজ সে রাণী হয়েছে। তাঁতি দেখে—সে কত রকমের শাড়ী, কত রকমের গয়না প'রে রেলিঙের ধারে দাঁড়ায়। তাঁতি তার পত্নীকে সাবধান ক'রে দেয়—যেন কারো কাছে কোন গল্প না করে। রাজারাজড়ার ব্যাপার দেখেও দেখতে হয় না।

একদিন অন্য এক দুঃখিনী পেঁয়াজ-ওয়ালী রাজবাড়ীর খিড়কীতে এসে হাঁক দিতেই ভূতপূর্ব্ব পেঁয়াজ-বেচুনী—অধুনা রাণী বেড়িয়ে এসে তাকে তার চুপড়ি নামাতে বল্লেন। সে নামালো। রাণী তখন একটী লঙ্কা তুলে নিয়ে—তাকে জিজ্ঞাসা করলেন—হ্যাঁ গা এটা কি জিনিষ? বেশ সুন্দর তো! বাঃ! কেমন লাল!

পেঁয়াজ-ওয়ালী—মা, একে লঙ্কা বলে।

রাণী—খেতে মিষ্টি?

পেঁয়াজ-ওয়ালী—না, মা, খুব ঝাল।

রাণী—এত সুন্দর জিনিস ঝাল!

(একটা পেঁয়াজ দেখিয়ে) এ কি জিনিষ?

পেঁয়াজ-ওয়ালী—এর নাম পেঁয়াজ মা।

রাণী—(একটা রসুন দেখিয়ে) এগুলো বুঝি সাদা পেঁয়াজ?

পেঁয়াজ-ওয়ালী—না, মা, ওর নাম রসুন!

তাঁতি এইবারে আর সহ্য করতে পারলো না। তার স্ত্রীকে বল্‌লে—"চলো আর এখানে থাকা হবে না। বাপরে! এই দু'বৎসরের মধ্যে পেঁয়াজ, লঙ্কা, ভুলেছে! ওর কিছু করতে পারবো না, আর সহ্যও হচ্ছে না।" এই বলে তাঁতি তার সর্ব্বস্ব নিয়ে নদীর ওপারে অন্য রাজার জমিদারীতে তার কুঁড়ে ঘর বেঁধে তাঁত বুনতে লাগলো।

কিছুদিন পরে রাজকুমারের খেয়াল হয়েছে—তাঁতি বহুদিন হ'তে এইখানে বাস করে। সে গেল কোথা? কেনই বা গেল? সন্ধান নিয়ে তাকে একদিন ডাকিয়ে জিজ্ঞাসা করলেন—তুমি এখান হ'তে চলে গেলে কেন? তোমার উপর কোনও অত্যাচার হয়েছে না কি? তাঁতি করযোড়ে নিবেদন করলো—যদি একটু গোপনে আমার দুখের কথা শুনতে হবে। রাজকুমার তার মুখে সেই পেঁয়াজ-বেচুনির দেমাকের কথা শুনে তার পর দিনই তাকে বিদায় করলেন। তাঁতি আবার তার পুরাতন ভিটেতে ফিরে এলো।

সমতা ও মমতা—ক্ষমতার জন্য কিরূপ-ভাবে নষ্ট হয়, তাহা আমাদের হঠাৎ ক্ষমতা-প্রাপ্ত ভুঁইফোড়দের দেখেই বেশ উপলব্ধি করা যায়। এরা যখন আবার পূর্ব্ব দশা প্রাপ্ত হয় তখন সকলেই আনন্দিত হওয়া ছাড়া দুঃখিত হয় না। এই সব আবুহোসেনী বাদশাহী সমাজে ছড়িয়ে পড়েছে।

রঘুনাথগঞ্জ সার্ব্বজনীন দুর্গাপূজার ১৩৫৫ সালের আয় ব্যয়ের হিসাব

জমা—

১ নং বই		১—৫০	৬৯৷৹
২ ,,	,,	৫১—১০০	২৬৲
৩ ,,	,,	১০১—১৫০	২১৲
৪ ,,	,,	১৫১—২০০	৮০৷৹
৫ ,,	,,	২০১—২৫০	×
৬ ,,	,,	২৫১—৩০০	১৬৬৶০
৭ ,,	,,	৩০১—৩৫০	৫৯৷৹
৮ ,,	,,	৩৫১—৪০০	×
৯ ,,	,,	৪০১—৪৫০	৩৪৷৹
১০ ,,	,,	৪৫১—৫০০	৯৩৲

৫৪৯৸৶০

সম্পাদক মহাশয়ের নিকট হইতে ধার জমা—১৯৷৶০ মোট—৫৬৯৷৵০

Checked the accounts as per counterfoils of receipts and found correct.

Sd/ A Bhattacherjea
Auditor.
31, 5, 49

খরচ—

প্রতিমা (দুর্গা ও লক্ষ্মী পাট মেরামত সমেত —	১১০।৵০
পূজা—	২২৮।/১৫
মণ্ডপ (তৈয়ারী ও খোলা)—	৪০৻১০
প্রসাদ ভোজন—	৩১৵০
সামিয়ানা তৈয়ারী—	২৭৶০
আলোক সজ্জা—	১৮॥১০
ভৃত্য—	১৯।০
বাদ্য (ঘাট ও বিড়ি সমেত)—	২৮॥০
আমোদ প্রমোদ—	৯॥/১০
নিরঞ্জন—	১৮॥০
লক্ষ্মী পূজা—	২৫৸৶৫
বিবিধ—	১১৸৶১০
মোট—	৫৬৯।৵০

Checked the accounts as per vouchers and found correct.

Sd/ A Bhattacherjea
Auditor.
31. 5. 49

রসিদ বইগুলি পণ্ডিত-প্রেস দয়া করিয়া ছাপিয়া দিয়াছেন। ছাপা খরচ বা কাগজের দাম কিছুই লন নাই।

যাঁহারা পূজার হিসাবের খাতা, রসিদ ইত্যাদি দেখিতে ইচ্ছা করেন তাঁহারা দয়া করিয়া যে কোন দিন শ্রীঅবনীকুমার রায় মহাশয়ের বাড়ীতে গিয়া দেখিয়া আসিতে পারেন।

শ্রীশিশিরকুমার ভৌমিক, সভাপতি
শ্রীরমাপতি চট্টোপাধ্যায়, সম্পাদক

হোমিওপ্যাথিক ঔষধালয় বিক্রয়

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসের সন্নিকটে একটী চালু ডিস্পেন্সারীর ঔষধ ও সরঞ্জাম বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীসরস্বতী দাসী
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৮ই জুলাই ১৯৪৯

১৯৪৮ সালের ডিক্রীজারী

৫৮৯ থাং ডিঃ হেমন্তকুমার রায় দেং ধনি বিবি দাবি ১৬৸৶৬ থানা সমসেরগঞ্জ মৌজে লস্করপুর ৩-১ শতকের কাত ৯॥০ আঃ ১০৲ খং ৪৮৫

৫০৪ থাং ডিঃ গৌরগোপাল মিত্র দিং দেং কুসুমখাতুন বিবি দিং দাবি ১৭॥৶৩ থানা ফরক্কা মৌজে বেওয়া ৯ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ১৬৯০।১৬৯১

১৯৪৯ সালের ডিক্রীজারী

১৫০ থাং ডিঃ মহম্মদ দাউদ মহলদার দিং দেং বোধন-প্রসাদ ভকত দিং দাবি ২০৩/৯ থানা সমসেরগঞ্জ মৌজে লালপুর ৮৻১৪ জমির কাত ৪৯৲ আঃ ১৭৫৲ খং ৬৯

১০৩ থাং ডিঃ কমলারঞ্জন ধর এষ্টেটের ট্রাষ্টি রাথহরি দত্ত দেং রসিদ সেখ দিং দাবি ৪১।৵০ থানা সাগরদীঘি মৌজে নিজ চাঁদপাড়া ২-২৫ শতকের কাত ৫৸/৫ আঃ ২৫৲ খং ১০০৯ রায়ত স্থিতিবান

১৩৮ থাং ডিঃ বীরেন্দ্রনাথ মহাতা দেং এজাহার সেখ দিং দাবি ৮॥/৩ থানা সাগরদীঘি মৌজে ফুলসহরি ৪৬ শতকের কাত ৩৸৶৫ আঃ ৫৲ খং ১৬৩

১৩৯ থাং ডিঃ পঙ্কজকুমার দাস দিং দেং ললিতমোহন ঘোষ দিং দাবি ৩০।৵০ থানা সাগরদীঘি মৌজে দোগাছি ৫-৬২ শতকের কাত ১২৸৵৯ আঃ ১০৲ খং ১২৮

১৪০ থাং ডিঃ নরেশচন্দ্র বসু দেং ইমানি সেথ দিং দাবি ৫০৸৵৬ থানা সাগরদীঘি মৌজে কাঁচিয়া বিষ্ণুডাঙ্গা ৭-৫০ শতকের কাত ৯॥১০ আঃ ১০৲ খং ১০৫

১৪৩ থাং ডিঃ অনিলকুমার সরকার দিং দেং শরৎচন্দ্র ঘোষ দিং দাবি ১৫৵৩ থানা সাগরদীঘি মৌজে উলাডাঙ্গা ৭২ শতকের কাত ১।৬ আঃ ৫৲ খং ১১০

১৪৪ থাং ডিঃ কমন ম্যানেজার গোবিন্দভূষণ চৌধুরী দেং শ্যামাপদ সাহা দাবি ১৪২॥/৩ থানা সাগরদীঘি মৌজে কৈয়ড় ৪-৬৭ শতকের কাত ২৩৸৵/১৫ আঃ ৫০৲ খং ২৯৫

১৪৫ থাং ডিঃ ঐ দেং পঙ্কজকুমার সাহা দিং দাবি ১১২/০ মৌজাদি ঐ ৪.৩৩ শতকের কাত ১৮।৶/১৭॥ আঃ ৫০৲ খং ২৯৪

১৪৭ থাং ডিঃ ঐ দেং দুর্গারঞ্জন বন্দ্যোপাধ্যায় দাবি ১২॥৵৯ মৌজাদি ঐ ৪৭ শতকের সেস ৶০ আঃ ৫৲ খং ৪৬৮

১৪৮ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ সাহা দিং দাবি ২৩৶৯ মৌজাদি ঐ ১-৪৯ শতকের সেস ॥/৩ আঃ ১০৲ খং ৪৫৮

১৪৯ থাং ডিঃ ঐ দেং নন্দরাণী দেবী দিং দাবি ৩৪৸৵৩ মৌজাদি ঐ ৯৭ শতকের কাত ৪৸৵০ আঃ ২০৲ খং ৩৮৫

১১৯ থাং ডিঃ বাগচী ষ্টেটের কমন ম্যানেজার রণেন্দ্র-নারায়ণ বাগচী দেং মোঃ নুরমহাম্মদ দিং দাবি ৩৬৸৵৩ থানা সাগরদীঘি মৌজে বড়গড়া ৯৩ শতকের কাত ৪৲ আঃ ১০৲ খং ৩২১

৯৩ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং হাজিবুল্লা বিশ্বাস দিং দাবি ২২৸৶৯ থানা সমসের-গঞ্জ মৌজে জয়কৃষ্ণপুর ১-১৭ শতকের কাত ৪৸/৮ আঃ ১০৲ খং ৪৩১ রায়ত স্থিতিবান

৪৮ থাং ডিঃ রাজা ভুপেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং সাজ্জাদ সেখ দিং দাবি ২৯৭৶৯ থানা ফরক্কা মৌজে জোতচাঁইপাড়া ৭/০ বিঘা জমির কাত ৮৸০ আঃ ২৫০৲ রায়ত স্থিতিবান

৮৫ থাং ডিঃ উমাপদ চৌধুরী দিং দেং মানিক সেখ দাবি ১৬।/৬ থানা ফরক্কা মৌজে কাশীনগর ৪২ শতকের কাত ১৵৩ আঃ ৫৲ খং ১২০

৮৭ থাং ডিঃ ঐ দেং রসিক ঘোষ দাবি ১৯৸৵০ থানা ঐ মৌজে হোসেনপুর ১-৭৮ শতকের কাত ১৸/৯ আঃ ৫৲ খং ৪৪

৯৯ থাং ডিঃ ঐ দেং কোরবান সেথ দাবি ১১৶০ থানা ঐ মৌজে ভবানীপুর ৩৪ শতকের কাত ১।/৪ আঃ ৫৲ খং ৩৪

১০০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৲ মৌজাদি ঐ ৩২॥ শতকের কাত ১।৩ আঃ ৫৲ খং ৩৫

৮২ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং আব্বাস সেথ দিং দাবি ১৮৩।/০ থানা সমসেরগঞ্জ মৌজে দাঁতিয়া অনন্তপুর ২৩৸১৻৩ জমির কাত ২৮৸/৬ আঃ ১০০৲ খং ৫৬৯

৯০ থাং ডিঃ ঐ দেং রজনীকান্ত সরকার দিং দাবি ৩৪।৶৬ মৌজাদি ঐ ৪/৩৻১০ জমির কাত ৪/৬ আঃ ২৫৲

[পর পৃষ্ঠা দেখুন।

(পূর্ব্ব পৃষ্ঠার জের)

১৯৪২ সালের ডিক্রীজারী

১৬ একাউন্ট ডিঃ কুমার নৃপেন্দ্রচন্দ্র পাঁড়ে দিং দেং জগবন্ধু সিংহ দাবি ৩০৪।/৯ থানা সমসেরগঞ্জ মৌজে মালঞ্চা ও ফুলন্দর ৯-৪০ শতকের কাত ৩৬৫॥ আঃ ১০০৲ থং ৪৬৫ ২নং লাট থানা ঐ মৌজে মালঞ্চা ১-২০ শতকের কাত ৯৵১৩॥ আঃ ৫০৲ থং ৪৬২ ৩নং লাট মৌজাদি ঐ ৭ শতকের কাত ১।০ আঃ ১০৲ থং ৪৬০

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।

জীবন বীমা করা
আপনার সব চেয়ে
বড় দায়িত্ব

মেট্রোপলিটন

ইন্সিওরেন্স কোং লিঃ

হেড অফিস—১১, ক্লাইভ রো

ক লি কা তা

এজেণ্ট চাই

জঙ্গীপুরের পল্লী অঞ্চলের জন্য

অনুসন্ধান করুন।

সুরবল্লী

যে সব ডাক্তার রা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে
এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ
নাশক ও "টনিক" ঔষধ খুব
কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক,
নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময়
করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া
অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে।
গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র
সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত